# মধুখালী পৌরসভা কার্যালয়
## উপজেলা ঃ মধুখালী, জেলা ঃ ফরিদপুর।
www.Mahukhalipourashava.gov.bd
ফোন ঃ (০৬৩২৬) ৫৬০২০, ফ্যাক্স ঃ (০৬৩২৬) ৫৬০০৭

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারন সভার কার্য- বিবরণী।

১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখ রোজ ঃ বুধবার সকাল-১০.০০ ঘটিকায় পৌরসভার সভাকক্ষে মেয়র খন্দকার মোরশেদ রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্য- বিবরণী।

উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ

১। জনাব রেশমা আক্তার -১,২,৩
২। জনাব নাজমা সুলতানা-৪,৫,৬
৩। জনাব রেশমা আক্তার-৭,৮,৯
৪। জনাব মোঃ কামরুজ্জামান বাবু
৫। জনাব মির্জা আবু জাফর
৬। জনাব মির্জা আব্বাস হোসেন
৭। জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন
৮। জনাব এ.এইচ.এম তৌফিক শরাফী
৯। জনাব কবির মন্ডল
১০। জনাব মোসাঃ রেহেনা পারভীন
১১। জনাব মোঃ মোশারফ হোসেন
১২। জনাব মোঃ কামরুজ্জামান

উপস্থিত কর্মকর্তাগন ঃ

১। জনাব মোঃ হেমায়েত হোসেন
২। জনাব মোঃ গোলাম আজম

সভাপতি মহোদয় সভার শুরুতে উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এবং পৌর নির্বাহী কর্মকর্তা,মধুখালী পৌরসভাকে সভা পরিচালনার দায়িত্ব দেন।

শোক প্রস্তাবঃ

মধুখালী পৌর আওয়ামীলীগের সভাপতি জনাব আলহাজ মোহাম্মদ আলী মিয়া গত ২০/০৪/২০২৩ইং তারিখ রোজঃ বৃহঃস্পতিবার বিকাল- ৫.৩০ মিনিটে ফরিদপুর হার্ট ফাউন্ডেশন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করিয়াছেন (ইন্নালিল্লাহী ও ইন্না ইলাইহি রাজিউন)।

তার এ অকাল মৃত্যুতে অদ্যকার সভায় ১ মিনিট নিরবতা পালন করে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হলো।

### আলোচনা

আলোচ্যসূচী-১ঃ বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

বিগত সভার কার্য- বিবরণী পাঠান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

আলোচ্যসূচী- ০২ ঃ প্রাক বাজেট সম্পর্কে আলোচনা।

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ হেমায়েত হোসেন এর নির্দেশনা মতে অত্র পৌরসভার হিসাবরক্ষক জনাব মোঃ রাজীব হাসান অত্র পৌরসভায় চলতি ২০২২-২০২৩ অর্থ বৎসরের সংশোধিত বাজেট ও ২০২৩ -২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট এর বিবরণী সভায় পেশ করেন। উপস্থিত সদস্যবৃন্দ পেশকৃত খসড়া বাজেটের উপর বিভিন্ন আয় প্রস্তাবনা ও ব্যয় প্রস্তাবনা যাচাই করেন। যাচায়ান্তে

CamScanner

জনাব এ. এইচ এম তৌফিক শরাফী সেতু বলেন যে, পৌরসভার আয়ের খাতগুলি আরোও বৃদ্ধি করে রাজস্ব আয় বৃদ্ধি করা যেতে পারে এবং অপ্রয়োজনীয় খাতে ব্যয় সংকোচনের প্রস্তাব করেন।

এ বিষয়ে জনাব রেশমা আক্তার-১,২,৩ বলেন যে, পৌরসভার নাগরিক সেবা খাত ও উন্নয়ন খাতে বরাদ্দ আরোও কিছুটা বৃদ্ধি করা প্রয়োজন।

এ বিষয়ে জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন বলেন যে আয়ের সাথে সঙ্গতি রেখে ব্যয় প্রস্তাবনা করার জন্য সকলের প্রতি আহবান জানান। বিশেষ করে অত্র পৌরসভায় স্বল্প সংখ্যক আয় খাতে যে রাজস্ব পাওয়া যায় তার সিংহ ভাগই কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা পরিশোধ করতে হয়। এছাড়াও অফিসিয়াল দৈনন্দিন নাগরিক সেবা খাতে ব্যয় নির্বাহ করা প্রায়ই সম্ভব হয়ে উঠে না। তাই তিনি আয়ের খাত সৃষ্টির মাধ্যমে রাজস্ব বৃদ্ধি স্বাপেক্ষে ব্যয় নির্বাহ করার প্রস্তাব বিবেচনা করার জন্য কমিটির সদস্যবৃন্দের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২২-২০২৩ ইং অর্থ বছরের খসড়া সংশোধিত বাজেট পর্যালোচনান্তে, বাজেটের রাজস্ব উপাংশে সর্বমোট আয় ২,৯০,২১,৭৬০/- টাকা এবং সর্বমোট ব্যয় ২,৫০,৩৫,৩৫০ টাকা ধার্য করে চলতি বৎসরের সংশোধিত বাজেট ও আগামী ২০২৩-২০২৪ অর্থ বৎসরের বাজেটে রাজস্ব আয় ৩,৭০,৯২,০০০/- টাকা ও রাজস্ব ব্যয় ৩,৫০,০৫,০০০/- টাকা প্রস্তাবিত খসড়া বাজেট প্রনয়নের সিদ্ধান্ত গৃহীত হইল।

আলোচ্যসূচী-০৩ ঃ উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে আলোচনা।

এ বিষয়ে সহকারী প্রকৌশলী পৌরসভা সভাকে অবহিত করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরের উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ (সংশোধিত) এ উল্লেখিত উপযুক্ত দরদাতাদের নিকট হতে উন্মুক্ত (OTM) কোটেশন পদ্ধতিতে ০৯ (নয়) টি প্রকল্প গ্রহনের জন্য দরপত্র আহবান করা হবে। যা তিনি সভায় উপস্থাপন করেন।

প্রকল্প তালিকা নিম্নরূপঃ

(১) মধুখালী পৌরসভাধীন ০৬নং ওয়ার্ড শ্রীপুর অহিদুলের বাড়ি হতে ওসমানের বাড়ি পর্যন্ত মাটির রাস্তা নির্মান।

(২) মধুখালী পৌরসভাধীন ০৬নং ওয়ার্ড শ্রীপুর রানা ডাক্তরের বাড়ি হতে ওসমান মুন্সীর বাড়ি পর্যন্ত মাটির রাস্তা নির্মান করণ।

(৩) মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড পশ্চিম গাড়াখোলা এশিয়ান ইন্টারন্যাশনাল স্কুল হতে ফিরোজের বাড়ি পর্যন্ত আরসিসি রাস্তা নির্মান করন।

(৪) মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড মধুখালী সুগারমিলের রাস্তা মেরামত করণ।

(৫) মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড বনানী সড়কের পার্শ্বে ড্রেনের উপর স্লাব নির্মান করণ।

(৬) মধুখালী পৌরসভাধীন ০৪নং ওয়ার্ড মধুখালী মাছ বাজার হতে আনন্দ পোদ্দারের দোকান পর্যন্ত ইটের ড্রেন নির্মান করন।

(৭) মধুখালী পৌরসভাধীন ০৩নং ওয়ার্ড গোন্দারদিয়া আলাউদ্দিনের বাড়ি হতে নিয়ামত মোল্যার বাড়ি পর্যন্ত আরসিসি ড্রেন নির্মাণ করণ।

(৮) মধুখালী পৌরসভাধীন ০৪নং ওয়ার্ড পশ্চিম গাড়াখোলা ফাহিমের দোকান হতে পরিমলের দোকান পর্যন্ত ড্রেনের স্লাব নির্মাণ করণ।

(৯) মধুখালী পৌরসভাধীন ০৫নং ওয়ার্ড পিঁয়াজ বাজারে রাস্তা নির্মান করণ।

সিদ্ধান্তঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, উল্লেখিত ০৯ (নয়) টি প্রকল্পের কাজ জরুরী ভিত্তিতে দরপত্র আহবানের মাধ্যমে বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী , মধুখালী পৌরসভাকে অনুরোধ করা হলো।

CamScanner

+88 01913-829798
agaminewsdesk@
www.agaminew
House# 4
Road# 2
Moh

আলোচ্যসূচী-৪

বকেয়া পৌরকর সম্পর্কে আলোচনা।

এ বিষয়ে অত্র পৌরসভার ০৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব এ এইচ এম তৌফিক শরাফী সেতু কর আদায় অগ্রগতির বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তার মাধ্যমে আদায়ের তথ্য বিবরণী জানতে চান। পৌর নির্বাহী কর্মকর্তা এ বিষয়ে সভাকে অবহিত করেন যে, চলতি অর্থ বছরের এপ্রিল-২০২৩ইং মাস পর্যন্ত চলতি পৌরকর বাবদ ২৩,৩০,৯৭৪/- টাকা আদায় হয়েছে এবং বকেয়া পৌরকর ৮৮৫৯১৬/- টাকা আদায় হয়েছে। অবশিষ্ট আদায় চলতি অর্থ বছরের জুন মাসের মধ্যে আদায় করতে হবে মর্মে সভাকে অবহিত করেন। তিনি আরোও জানান যে, প্রতি অর্থ বছরে ৮০% এর উপরে আদায়ের হার থাকার নির্দেশনা রয়েছে।

এ বিষয়ে কমিটির সদস্য জনাব মোঃ মোশারফ হোসেন বলেন যে, মালিকানাধীন গৃহের আদায় মুটামুটি ভাল হলেও সরকারি প্রতিষ্ঠানের আদায় একেবারেই সন্তোষ জনক নয়। জুন/২০২৩ এর মধ্যে সরকারি আদায় বৃদ্ধি সন্তোষ জনক করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সুপারিশ করেন।

এ বিষয়ে ০৭ ওয়ার্ড কাউন্সিলর জনাব মোসাঃ রেহেনা পারভীন বলেন যে, যেসকল হোল্ডিং এর পৌরকর সৃষ্টিকাল হতে এখনও পরিশোধ হয়নি তাদের এবং সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে পৌর করের বিল দ্রুত গতিতে জারি করা যেতে পারে।

এছাড়াও পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে আরো অবহিত করেন যে, চলতি অর্থ বছরে এপ্রিল-২০২৩ইং পর্যন্ত মোট ৩২,১৬,৮৯০/- টাকা পৌরকর আদায় হয়েছে। আদায়ের শতকরা হার ৪৫%। চলতি অর্থ বছরে জুন-২০২৩ ইং এর মধ্যে অবশিষ্ট টাকা আদায়ের জন্য হোল্ডিং গ্রাহকদের বরাবর বিল প্রদান করা হয়েছে। এ বিষয়ে জনাব কবির মন্ডল পাবলিক হোল্ডিং এর টাকা আদায়ের চেয়ে সরকারি হোল্ডিং এর আদায়ের হার অত্যন্ত কম। যা আদায়ের ব্যবস্থা গ্রহনের জন্য সভায় প্রস্তাব করেন। তার বক্তব্যের উপর উপস্থিত কাউন্সিলরবৃন্দ একমত পোষন করে চলতি অর্থ বছরে আদায়ের লক্ষ্যমাত্রা ৮০% অর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, নিম্নবর্নিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(ক) সম্পূর্ন বকেয়া পৌরকর হোল্ডিং গ্রাহকদের ৩০ মে-২০২৩ইং তারিখের পর নোটিশসহ পৌরকরের বিল জারী করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(খ) সরকারি/বেসরকারি হোল্ডিংসমূহের পৌরকর ৮০% আদায়ের লক্ষ্যমাত্রা অর্জন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী -৫ বিবিধ ঃ

(ক) অটো যানবাহনের জরিমানা ফি আদায় প্রসঙ্গেঃ

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, পৌরসভার লাইসেন্স শাখার সূত্রমতে, অত্র পৌরসভায় প্রায় ৬০০/৭০০ শত এর মত অটো যানবাহন চলাচল করে। তার মধ্যে এপ্রিল-২০২৩ইং মাস পর্যন্ত ৩৫০ টির মত মালিকানা লাইসেন্স সম্পূর্ন করা হচ্ছে। অবশিষ্ট যানবাহন মালিকদের বার বার তাগিদ দেওয়া স্বত্ত্বেও লাইসেন্স গ্রহন করছেন না। এ বিষয়ে মতামত ও সিদ্ধান্ত গ্রহনের জন্য সকলকে আহবান জানান।

এ বিষয়ে ০৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন বলেন, যারা পৌরসভার অটো মালিকানা লাইসেন্স গ্রহন করেন নাই এবং অটো মালিকানা লাইসেন্স বিহীন পৌর এলাকায় চলাফেরা করে তাদের জরিমানা ফি আদায় করা যেতে পারে।

CamScanner

se# ...
d# 29, New ...
hakhali, Dhaka-1208
38 02222-286408
88 01714-066044

এ বিষয়ে জনাব রেশমা আক্তার-১,২,৩ পৌর এলাকার মালিকের অটো যানবাহন ছাড়াও প্রতিদিন পার্শ্ববর্তী ইউনিয়ন হতে প্রচুর পরিমান যানবাহন পৌর এলাকায় চলাচল করে অনাকাঙ্খিত দুর্ঘটনা ও যানযটের সৃষ্টি করে। তাদেরও লাইসেন্স এর আওতায় আনার জন্য প্রস্তাব করেন।

এ বিষয়ে ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন বলেন যে, ইউনিয়ন এলাকার যানবাহনগুলি পৌরসভার লাইসেন্স না করে আয় উপার্জন করে। তাই তাদের প্রতিদিনের জন্য ৫০/- টাকা ও পৌর এলাকার লাইসেন্স বিহীন অটো যানবাহনের জন্য দৈনিক ৩০ টাকা হারে জরিমানা ফি আদায় করা যেতে পারে। উপস্থিত অন্যান্য কাউন্সিলরবৃন্দ তার প্রস্তাবে একমত পোষন করে মেয়র মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করে।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, পৌর এলাকার বাইরের অটো যানবাহনের জন্য দৈনিক ৫০ টাকা হারে এবং পৌর এলাকাধীন অটো যানবাহনের জন্য দৈনিক ৩০ টাকা হারে জরিমানা ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হইল। এবং জরিমানা ফি আদায়ের জন্য লাইসেন্স পরিদর্শককে নির্দেশ প্রদান করা হলো।

(খ) অননুমোদিত প্লান বিহীন বাড়ি-ঘরের তদারকি প্রসঙ্গেঃ

এ বিষয়ে ০৩নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মির্জা আব্বাস হোসেন সভাকে অবহিত করেন যে পৌর এলাকায় বিভিন্ন স্থানে পৌরসভার প্লান অনুমোদন না নিয়ে অনেকে বাড়ি-ঘর নির্মান করছেন। যা একটি তদারকি কমিটির মাধ্যমে তদন্ত পূর্বক তালিকা প্রনয়ন করে প্লান অনুমোদনের আওতায় আনার জন্য প্রস্তাব করেন।

এ বিষয়ে ০৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোসাঃ রেহেনা পারভীন প্রাথমিকভাবে পৌর কর্মচারী দ্বারা তদন্ত করে তালিকা প্রনয়ন পূর্বক স্ব-স্ব ওয়ার্ড কাউন্সিলদের সহযোগিতায় প্লান অনুমোদন প্রক্রিয়া বাস্তবায়ন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ

(১) এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, অনুমোদন বিহীন বাড়ি-ঘর নির্মানের তদন্ত পূর্বক ওয়ার্ড ভিত্তিক তালিকা প্রনয়ন করে সংশ্লিষ্ট কাউন্সিলর ও প্রকৌশল শাখায় দাখিলের জন্য নিম্নরূপ তদারকি কমিটি গঠন করা হলো।

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ শামীম মোল্যা | টিকাদানকারী |
| ০২ | জনাব মোঃ শামীমুল হাসান | নৈশ প্রহরী |
| ০৩ | জনাব অসীম সরকার | মালি |

(২) পৌর এলাকার নির্মান শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করে প্লান অনুমোদনবিহীন নির্মাণ কাজে নিরুৎসাহিত করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) মরিচ ও পিঁয়াজ বাজারের লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা প্রসঙ্গেঃ

এ বিষয়ে ০২নং ওয়ার্ড কাউন্সিলর জানব মির্জা আবু জাফর সভাকে অবহিত করেন মধুখালী পৌরসভাধীন মরিচ ও পিঁয়াজ বাজারের অধিকাংশ ব্যবসায়ী পৌরসভার ট্রেড-লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করে আসছেন। তাদেরকে লাইসেন্স এর আওতায় আনার করনীয় বিষয়ে আলোচনার জন্য তিনি সভাকে অবহিত করেন।

এ বিষয়ে ০৪নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোহাম্মদ আনিচুর রহমান লিটন বলেন লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের তালিকা প্রনয়ন করে নোটিশ দেওয়া যেতে পারে। তার পরও যেসকল ব্যবসায়ীগন লাইসেন্স করবেন না তাদের বিরুদ্ধে জেলা প্রশাসক, ফরিদপুর কার্যালয়ের মাধ্যমে লাইসেন্স করার মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।

CamScanner

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, প্রাথমিকভাবে লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের লাইসেন্স করার সিদ্ধান্ত গৃহীত হলো এবং পরবর্তীতে মোবাইল কোর্টের সহযোগিতায় জরিমানাসহ ট্রেড-লাইসেন্স ফি আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

(ঘ) এনআরবিসি ব্যাংকে ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গেঃ

এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে ব্যবস্থাপক,এনআরবিসি ব্যাংক,মধুখালী শাখা পৌরসভার একটি রাজস্ব হিসাব খোলার জন্য মেয়র মহোদয় বরাবরে আবেদন করেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য তিনি অনুরোধ জানান।

এ বিষয়ে ০৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ মোশারফ হোসেন বলেন বর্তমানে পৌরসভা সম্পত্তি হস্তান্তর করের একটি হিসাবটি সোনালী ব্যাংক, মধুখালী উপজেলা কমপ্লেক্স শাখায়, মধুখালী, ফরিদপুর এ আছে। উক্ত হিসাবটি এনআরবিসি ব্যাংকে হিসাব খুলে ১লা জুলাই-২০২৩ইং হতে কার্যকর করার প্রস্তাব করেন।

সিদ্ধান্ত ঃ

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, মধুখালী পৌরসভার ভূমি হস্তান্তর করের হিসাবটি এনআরবিসি ব্যাংক,মধুখালী শাখায় খুলে ১লা জুলাই-২০২৩ইং হতে কার্যকর করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আপ্যায়নের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা

স্মারক নং-মধুঃ/পৌরঃ/২০২৩/৩৪৭/১৫৩

তারিখঃ-১০/০৫/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলঃ

০১। সচিব মহোদয়
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০.০৫.২৩

(খন্দকার মোরশেদ রহমান)
মেয়র
মধুখালী পৌরসভা
১০/০৫/২৩

২। অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে পেরণ করা হলো।

জনাব ....................................
কাউন্সিলর, ওয়ার্ড নং--------------
মধুখালী পৌরসভা
মধুখালী, ফরিদপুর।

CamScanner